রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ৯, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২৫ মাঘ ১৪১২/৭ ফেব্রুয়ারি ২০০৬

এস, আর, ও নং ১৭-আইন/২০০৬।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই বিধিমালা কারা অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০০৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;



মূল্য ঃ টাকা ১০.০০

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাততঃ বলবৎ কোন আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠান ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন পদে নিম্ন বিধৃত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব-কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস**।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদের নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসের স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, চাকুরীতে যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার দক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে, তাহার চাকুরী স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষনিবসিকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে, সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ ও হেফাজত।**—(১) বিগত এপ্রিল ১৭, ১৯৮৪ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন No. S.R.O 149-L/84-দ্বারা জারীকৃত The Officers and Staff (Department of Prisons) Recruitment Rules, 1984 এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপে রহিতকরণ সত্ত্বেও রহিতকৃত উক্ত Rules এর অধীনকৃত কার্যাবলী ও গৃহীত ব্যবস্থা অত্র বিধিমালার অধীনকৃত কার্য ও গৃহীত ব্যবস্থা বলিয়া গণ্য হইবে।

## তফসিল

[ বিধি ২(খ) দ্রষ্টব্য ]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগের পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | কারা মহাপরিদর্শক | .. | পদোন্নতির মাধ্যমে অথবা প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** অতিরিক্ত কারা মহাপরিদর্শক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**প্রেষণের ক্ষেত্রে ঃ** সরকারের যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব পদ মর্যাদার কর্মকর্তাকে নিয়োগের মাধ্যমে। |
| (২) | অতিরিক্ত কারা মহাপরিদর্শক | .. | পদোন্নতির মাধ্যমে অথবা প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** কারা উপ-মহাপরিদর্শক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| (৩) | কারা উপ-মহাপরিদর্শক | .. | পদোন্নতির মাধ্যমে অথবা প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** সিনিয়র তত্ত্বাবধায়ক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| (৪) | সিনিয়র তত্ত্বাবধায়ক | .. | পদোন্নতির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** সহকারী সার্জন/সহকারী কারা মহাপরিদর্শক/কারা তত্ত্বাবধায়ক পদে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| (৫) | সহকারী সার্জন | ৩০ বৎসর | (ক) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে ; এবং (খ) ৫০% বিসিএস(স্বাস্থ্য) ক্যাডার হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে Bangladesh Civil Service (Age, Qualification and Examination) Recruitment Rules, 1982এ উল্লিখিত সহকারী সার্জন পদে সরাসরি নিয়োগের যোগ্যতা অনুযায়ী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ<br>বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের সহকারী সার্জন বা সমমানের পদ হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। |
| (৬) | সহকারী কারা মহাপরিদর্শক/ কারা তত্ত্বাবধায়ক | ৩০ বৎসর | (ক) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে ; এবং<br>(খ) ৫০% পদোন্নতির মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী বা ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক সম্মান ডিগ্রী।<br>পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>উপ-তত্ত্বাবধায়ক পদে ন্যূনতম ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| (৭) | উপ-তত্ত্বাবধায়ক | .. | পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>জেলার/প্রশাসনিক কর্মকর্তা/বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ পদে ন্যূনতম ৪ (চার) বৎসরের চাকুরী। |
| (৮) | জেলার | .. | পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>(ক) ডেপুটি জেলার পদে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের চাকুরী; এবং<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| (৯) | প্রশাসনিক কর্মকর্তা | .. | পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>প্রধান সহকারী/প্রধান সহকারী তথা হিসাবরক্ষক/ভ্রাম্যমান নিরীক্ষক/সাঁট-লিপিকার/সাঁট-লিপিকার (সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর) পদে ন্যূনতম ৭ (সাত) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১০) | বাজেট অফিসার | .. | পদোন্নতির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>ভ্রাম্যমান নিরীক্ষক/প্রধান সহকারী/প্রধান সহকারী তথা হিসাবরক্ষক পদে ন্যূনতম ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| (১১) | পরিসংখ্যানবিদ | .. | পদোন্নতির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>ভ্রাম্যমান নিরীক্ষক/ প্রধান সহকারী/প্রধান সহকারী তথা হিসাবরক্ষক পদে ন্যূনতম ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| (১২) | ফার্মাসিস্ট/ডিপ্লোমা নার্স | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত প্রতিষ্ঠান/ইনস্টিটিউট হইতে ডিপ্লোমা-ইন-ফার্মেসী/ নার্সিং ডিপ্লোমা পরীক্ষায় উত্তীর্ণ। |
| (১৩) | ডেপুটি জেলার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) শারীরিক যোগ্যতা (পুরুষদের জন্য)—<br>(অ) উচ্চতা কমপক্ষে ১.৬৫ মিটার;<br>(আ) বুক কমপক্ষে ৮৭.৯২ সেন্টিমিটার;<br>(ই) ওজন কমপক্ষে ৫২ কেজি;<br>(গ) শারীরিক যোগ্যতা (মহিলাদের জন্য)—<br>(অ) উচ্চতা কমপক্ষে ১.৫৭ মিটার;<br>(আ) বুক কমপক্ষে ৭৬.৯২ সেন্টিমিটার;<br>(ই) ওজন কমপক্ষে ৪৫ কেজি। |
| (১৪) | সার্জেন্ট ইন্সট্রাক্টর | .. | পদোন্নতির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) সর্বপ্রধান কারারক্ষী পদে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের চাকুরী ; এবং<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১৫) | সর্বপ্রধান কারারক্ষী | .. | পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>(ক) প্রধান কারারক্ষী/ম্যাট্রন পদে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের চাকুরী ; এবং<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| (১৬) | প্রধান কারারক্ষী | .. | পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>(ক) সহকারী প্রধান কারারক্ষী পদে ন্যূনতম ৩ (তিন) বৎসরের চাকুরী ; অথবা<br>(খ) কারারক্ষী/মহিলা কারারক্ষী/দেহরক্ষী পদে ন্যূনতম ৮ (আট) বৎসরের চাকুরী ; এবং<br>(গ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| (১৭) | ম্যাট্রন | .. | পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>(ক) মহিলা কারারক্ষী পদে ন্যূনতম ৮ (আট) বৎসরের চাকুরী; এবং<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| (১৮) | সহকারী প্রধান কারারক্ষী | .. | পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>(ক) কারারক্ষী/মহিলা কারারক্ষী/দেহরক্ষী পদে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের চাকুরী ; এবং<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| (১৯) | প্রধান সহকারী তথা হিসাবরক্ষক/প্রধান সহকারী | .. | পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>উচ্চমান সহকারী/সহকারী ভ্রাম্যমান নিরীক্ষক পদে ন্যূনতম ৩ (তিন) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২০) | ভ্রাম্যমান নিরীক্ষক | .. | পদোন্নতির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** উচ্চমান সহকারী/সহকারী ভ্রাম্যমান নিরীক্ষক পদে ন্যূনতম ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| (২১) | সাঁট-লিপিকার/সাঁট-লিপিকার (সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** (ক) সাঁট-লিপিকারদের ক্ষেত্রে Stenographers and Steno typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী ; এবং (খ) সাঁট-লিপিকার (সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর) এর ক্ষেত্রে Computer Personnel (Government and Local authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর পদে সরাসরি নিয়োগের যোগ্যতা অনুসারে। | | |
| (২২) | উচ্চমান সহকারী তথা লাইব্রেরীয়ান | .. | পদোন্নতির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** হিসাবরক্ষক/হিসাবরক্ষক-কাম-ক্যাশিয়ার পদে ন্যূনতম ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| (২৩) | উচ্চমান সহকারী | ৩০ বৎসর | (ক) ২৫% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং (খ) ৭৫% পদোন্নতির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** Upper Division Assistant and Section Assistant Recruitment Rules, 1984 অনুযায়ী। **পদোন্নতির ক্ষেত্রে ঃ** অফিস সহকারী/মুদ্রাক্ষরিক/মুদ্রাক্ষরিক তথা অফিস সহকারী/সাঁট-মুদ্রাক্ষরিক (ডাটা এন্ট্রি অপারেটর) পদে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| (২৪) | সহকারী ভ্রাম্যমান নিরীক্ষক | .. | পদোন্নতির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** অফিস সহকারী/মুদ্রাক্ষরিক তথা অফিস সহকারী/মুদ্রাক্ষরিক তথা অফিস সহকারী (ডাটা এন্ট্রি অপারেটর) পদে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২৫) | সাঁট-মুদ্রাক্ষরিক/সাঁট-মুদ্রাক্ষরিক (ডাটা এন্ট্রি অপারেটর) | (ক) সাঁট-লিপিকারদের ক্ষেত্রে Stenographers and Steno typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী ; এবং<br>(খ) সাঁট-মুদ্রাক্ষরিক (ডাটা এন্ট্রি অপারেটর) এর ক্ষেত্রে Computer Personnel (Government and Local authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী ডাটা এন্ট্রি অপারেটর পদে সরাসরি নিয়োগের যোগ্যতা অনুসারে। | | |
| (২৬) | হিসাবরক্ষক/হিসাবরক্ষক-কাম-ক্যাশিয়ার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে ঃ তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী।<br>পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>সহকারী হিসাবরক্ষক/কারা সহকারী তথা মুদ্রাক্ষরিক/কারা সহকারী তথা মুদ্রাক্ষরিক (ডাটা এন্ট্রি অপারেটর)/অফিস সহকারী তথা বিক্রেতা (শোরুম/রেশন সোপ) পদে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| (২৭) | কারা সহকারী তথা মুদ্রাক্ষরিক/কারা সহকারী তথা মুদ্রাক্ষরিক (ডাটা এন্ট্রি অপারেটর) | ৩০ বৎসর | (ক) ৯০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ১০% পদোন্নতির মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>(ক) কারা সহকারী তথা মুদ্রাক্ষরিকদের ক্ষেত্রে ঃ Typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগের যোগ্যতা অনুসারে; এবং<br>(খ) কারা সহকারী তথা মুদ্রাক্ষরিক (ডাটা এন্ট্রি অপারেটর) এর ক্ষেত্রে ঃ Computer Personnel (Government and Local authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী ডাটা এন্ট্রি অপারেটর পদে সরাসরি নিয়োগের যোগ্যতা অনুসারে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) কারারক্ষী/মহিলা কারারক্ষী/দেহরক্ষী পদে ন্যূনতম ১০ (দশ) বৎসরের চাকুরী; এবং<br>(খ) কারা সহকারী তথা মুদ্রাক্ষরিক পদে পদোন্নতির ক্ষেত্রে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এস, এস, সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ বাংলা ও ইংরেজি টাইপে যথাক্রমে ২০ ও ৩০ শব্দের গতি থাকিতে হইবে।<br>(গ) কারা সহকারী তথা মুদ্রাক্ষরিক (ডাটা এন্ট্রি অপারেটর) পদে পদোন্নতির ক্ষেত্রে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচ, এস, সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ ডাটা এন্ট্রি অপারেটর এ্যাপটিচিউড পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| (২৮) | মুদ্রাক্ষরিক/মুদ্রাক্ষরিক (ডাটা এন্ট্রি অপারেটর)/মুদ্রাক্ষরিক তথা অফিস সহকারী/ মুদ্রাক্ষরিক তথা অফিস সহকারী (ডাটা এন্ট্রি অপারেটর)/অফিস সহকারী তথা মুদ্রাক্ষরিক/অফিস সহকারী তথা মুদ্রাক্ষরিক (ডাটা এন্ট্রি অপারেটর) | ৩০ বৎসর | (ক) ৯০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ১০% পদোন্নতির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) মুদ্রাক্ষরিক/মুদ্রাক্ষরিক তথা অফিস সহকারী/অফিস সহকারী তথা মুদ্রাক্ষরিক পদে নিয়োগের ক্ষেত্রে Typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগের যোগ্যতা অনুসারে; এবং<br>(খ) মুদ্রাক্ষরিক (ডাটা এন্ট্রি অপারেটর)/মুদ্রাক্ষরিক তথা অফিস সহকারী (ডাটা এন্ট্রি অপারেটর)/অফিস সহকারী তথা মুদ্রাক্ষরিক (ডাটা এন্ট্রি অপারেটর) পদে নিয়োগের ক্ষেত্রে ঃ Computer Personnel (Government and Local authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী ডাটা এন্ট্রি অপারেটর পদে সরাসরি নিয়োগের যোগ্যতা অনুসারে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>(ক) ক্যাশিয়ার পদে ন্যূনতম ৩ (তিন) বৎসরের চাকুরী; অথবা<br>(খ) ডুপ্লিকেটিং মেশিন অপারেটর পদে ন্যূনতম ৪ (চার) বৎসরের চাকুরী; অথবা<br>(গ) রেকর্ড সাপ্লাইয়ার পদে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের চাকুরী; অথবা<br>(ঘ) দপ্তরী পদে ন্যূনতম ৬ (ছয়) বৎসরের চাকুরী; এবং<br>(ঙ) মুদ্রাক্ষরিক/মুদ্রাক্ষরিক তথা অফিস সহকারী/ অফিস সহকারী তথা মুদ্রাক্ষরিক পদে পদোন্নতির ক্ষেত্রে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এস, এস, সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ বাংলা ও ইংরেজি টাইপে যথাক্রমে ২০ ও ৩০ শব্দের গতি থাকিতে হইবে।<br>(চ) মুদ্রাক্ষরিক (ডাটা এন্ট্রি অপারেটর)/মুদ্রাক্ষরিক তথা অফিস সহকারী (ডাটা এন্ট্রি অপারেটর)/অফিস সহকারী তথা মুদ্রাক্ষরিক (ডাটা এন্ট্রি অপারেটর) পদে পদোন্নতির ক্ষেত্রে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচ, এস, সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ ডাটা এন্ট্রি অপারেটর এ্যাপটিটিউড পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| (২৯) | অফিস সহকারী | ৩০ বৎসর | (ক) ৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ২৫% পদোন্নতির মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচ, এস, সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>(ক) ক্যাশিয়ার পদে ন্যূনতম ৩ (তিন) বৎসরের চাকুরী; অথবা<br>(খ) ডুপ্লিকেটিং মেশিন অপারেটর পদে ন্যূনতম ৪(চার) বৎসরের চাকুরী; অথবা<br>(গ) রেকর্ড সাপ্লাইয়ার পদে ন্যূনতম ৫(পাঁচ) বৎসরের চাকুরী; অথবা<br>(ঘ) দপ্তরী পদে ন্যূনতম ৬ (ছয়) বৎসরের চাকুরী; এবং<br>(ঙ) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এস, এস, সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে। |
| (৩০) | অফিস সহকারী তথা বিক্রেতা (শোরুম/রেশন সোপ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচ, এস, সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে। |
| (৩১) | সহকারী হিসাবরক্ষক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে ঃ<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে বাণিজ্য বিভাগে এইচ, এস, সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে।<br>পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>ক্যাশিয়ার/গুদামরক্ষক পদে ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| (৩২) | ফ্যাক্টরী ওভারসীয়ার/টাস্ক-টেকার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে ঃ<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>(ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এস, এস, সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে; এবং<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে বিভিন্ন বিষয়ে বিশেষতঃ কাপড় বোনা ও রং করা, কাঠ মিস্ত্রি (কার্পেন্টার মিস্ত্রি), কার্পেট তৈরী, কামার ইত্যাদি ট্রেড কোর্সে উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>কার্পেন্টার মিস্ত্রি/ব্লাকস্মীথ/বুক বাইন্ডার ইন্সট্রাক্টর পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| (৩৩) | শিক্ষক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচ, এস, সি/সি-ইন-এড পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে। |
| (৩৪) | ক্যাশিয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে বাণিজ্য বিভাগে এইচ, এস, সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে। |
| (৩৫) | নার্স (পুরুষ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে নার্সিং পরীক্ষায় উত্তীর্ণ। |
| (৩৬) | গুদাম রক্ষক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচ, এস, সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে। |
| (৩৭) | কারারক্ষী/দেহরক্ষী/মহিলা কারারক্ষী | ১৮—২১ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এস, এস, সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে ; এবং<br>(খ) শারীরিক যোগ্যতা (পুরুষদের জন্য)—<br>(অ) উচ্চতা কমপক্ষে ১.৬৭ মিটার;<br>(আ) বুক কমপক্ষে ৮৭.৯২ সেন্টিমিটার;<br>(ই) ওজন কমপক্ষে ৫২ কেজি;<br>(গ) শারীরিক যোগ্যতা (মহিলাদের জন্য)—<br>(অ) উচ্চতা কমপক্ষে ১.৫৭ মিটার;<br>(আ) বুক কমপক্ষে ৭৬.৮১ সেন্টিমিটার;<br>(ই) ওজন কমপক্ষে ৪৫ কেজি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৩৮) | মাস্টার দর্জি/দর্জি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচ, এস, সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (৩৯) | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | .. | পদোন্নতির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>দপ্তরী পদে ন্যূনতম ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| (৪০) | কার্পেন্টার মিস্ত্রী/ব্লাকস্মীথ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এস, এস, সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (৪১) | বুক বাইন্ডার ইন্সট্রাক্টর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এস, এস, সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (৪২) | রেকর্ড সাপ্লাইয়ার | .. | পদোন্নতির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>এম, এল, এস, এস পদে ন্যূনতম ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| (৪৩) | গাড়ীচালক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এস, এস, সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে; এবং<br>(খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৪৪) | দপ্তরী | .. | পদোন্নতির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** এম, এল, এস, এস পদে ন্যূনতম ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| (৪৫) | ডেচপাচ রাইডার | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেচপাচ রাইডার, এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। | | |
| (৪৬) | এম, এল, এস, এস | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেচপাচ রাইডার, এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। | | |
| (৪৭) | মেথর/সুইপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** (ক) অন্যূন অষ্টম শ্রেণী পাস; এবং (খ) সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস,এম, মনিরুল ইসলাম**
উপ-সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।